বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 10 APR 1989
পৃষ্ঠা 5 কলাম 7

024

জনমত

## খুলনা সিটি কলেজের ডিগ্রী পরীক্ষার ফলাফল

রাজশাহী বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের একতরফা সিদ্ধান্তের ফলে খুলনার এম এম সিটি কলেজের ৮৬০ জন ছাত্র/ছাত্রীর ডিগ্রি তিন গ্রুপের পরীক্ষার ফলাফল স্থগিত করা হয় এবং পরে শুধুমাত্র বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীদের ফল প্রকাশ করা হয়। বাকীদের ফলাফল সম্পূর্ণ বাতিল ঘোষণায় অভিভাবক এবং ছাত্র/ছাত্রী মহলে ক্ষোভ সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে কলেজের বিকম ও বিএ পরীক্ষার্থী ছাত্র/ছাত্রীদের অভিভাবকরা জানিয়েছেন যে ১৯৮৭ সালের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রি পরীক্ষা সুন্দর এবং শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র সংলগ্ন এলাকা চতুপার্শ্বে ২০০ গজের মধ্যে ১৪৪ ধারা জারী ছিল। আইন শৃংখলা রক্ষার কাজে নিয়োজিত স্থানীয় প্রশাসনও পরীক্ষা চলাকালীন কেউ যাতে অসদুপায় অবলম্বন করতে না পারে সে বিষয়ে সতর্ক ছিল। এছাড়া পরীক্ষা তদারকির কাজে নিয়োজিত ম্যাজিস্ট্রেট এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত পরিদর্শকদ্বয় ঐ সময় উপস্থিত ছিলেন। তারা পরীক্ষার সময়ে যথাক্রমে ১৭-৪-৮৮ এবং ১৮-৪-৮৮ পর্যন্ত ঐ পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে প্রথম দিন ২ জন এবং দ্বিতীয় দিন ১১ জন ছাত্র/ছাত্রীকে অসদুপায় অবলম্বন এর দায়ে বহিষ্কার করেন যা স্থানীয় ১১টি দৈনিক ও দেশের জাতীয় দৈনিকে ও সাময়িকীতে প্রকাশিত হয়।

অভিভাবক ও ছাত্রছাত্রীরা জানিয়েছেন যে বিএ এবং বিকমে পরীক্ষার্থীদের ফলাফল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কেন বাতিল করলেন তাহা জিজ্ঞাসা করা হলে ভিসি জানিয়েছেন 'আমার কিছু করার ছিল না, বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মাফিক আমি এই ফলাফল প্রথমত স্থগিত রেখেছি এবং পরে বিস্তারিত আলোচনার পর বাতিল ঘোষণা করেছি।'

অভিভাবক এবং ছাত্রছাত্রীবৃন্দ বলেছেন, সিটি কলেজের বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর অনিশ্চিত ভাগ্য সম্পর্কে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসির সঙ্গে আলোচনা করলে তিনি জানান, 'আপনারা যদি মনে করেন আপনারা ক্ষতিগ্রস্ত তবে আইনের আশ্রয় নিতে পারেন।'

ছাত্রছাত্রীদের পক্ষে কোর্টে যাওয়া সম্ভব নয়। এ বিষয়ে আমরা তদন্ত চাই।

—মোদাব্বের হোসেন,
শাহসূফি রোড, খুলনা।